যুগান্তর

MAR. 1 1 2002

তারিখ ........................

পৃষ্ঠা ..৮.. কলাম ..৬......

# শাবিতে ছাত্রদলের চাঁদাবাজিতে সবকটি ক্যান্টিন বন্ধ

সিলেট ব্যুরো

ছাত্রদলের ব্যাপক চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-

শাবি : পৃষ্ঠা : ১০ কলাম : ৫

## শাবি : চাঁদাবাজি

(১ম পৃষ্ঠার পর)

কর্মচারীরা অতিষ্ঠ হয়ে উঠেছেন। বন্ধ হয়ে গেছে নির্মাণ প্রকল্পের কাজসহ ক্যাম্পাসের ক্যান্টিনগুলো। শিক্ষক সমিতি ও শাবি অফিসার্স এসোসিয়েশন ছাত্রদলের চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের তীব্র নিন্দা জানিয়ে উদ্বেগ প্রকাশ করেছে।

গত ৭ মার্চ ছাত্রদলের নেতাকর্মীদের চাঁদাবাজিতে ক্যাম্পাসের একমাত্র শিক্ষক ক্যান্টিন বন্ধ হয়ে যায়। ক্যান্টিনের মালিক মোঃ আরশাদ আলী এক লিখিত অভিযোগে শাবি প্রশাসনকে জানান, ছাত্রদলের কামরুল ও পিচ্চি হেলাল ক্যান্টিন ম্যানেজারের ক্যাশ বাক্স থেকে আড়াই হাজার টাকা জোর করে নিয়ে যায়। যাওয়ার সময় ক্যান্টিন বন্ধের নির্দেশ দেয়। গত ৫ মার্চ বিকালে ছাত্রদল নেতারা বহিরাগতদের নিয়ে ক্যান্টিনে খাওয়ার পর টাকা না দিয়ে চলে আসে। নিয়মিত তাদের বিনা টাকায় খাবার পরিবেশনের নির্দেশ দেয়। অন্যথায় দেখে নেয়ার হুমকি দেয়। ৬ মার্চ রাত প্রায় ২টায় নৃবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র পিচ্চি হেলাল আধঘণ্টা দরজা খোলার জন্য ডাকাডাকি করে ও গালিগালাজ করে চলে যায়। তিনি অভিযোগে আরও বলেন, ছাত্রদলের কামরুল, হেলাল, আদিব, মুসা, শফিকসহ কতিপয় ছাত্র দীর্ঘদিন থেকেই ক্যান্টিনে খেয়ে টাকা না দিয়ে চলে যায়। উল্লেখ্য, গত রামজানের সময় ছাত্রদলের নেতাকর্মীরা ক্যান্টিনের আসবাবপত্র ভাংচুর করে।

গত ৭ মার্চের পর থেকে ক্যাম্পাসে কোন খাবার দোকান খোলা না থাকায় ছাত্র-শিক্ষকরা চরম দুর্ভোগে পড়েছেন। গতকাল শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশন উদ্ভূত পরিস্থিতি নিয়ে এক জরুরি সভায় মিলিত হয়। শিক্ষক-কর্মকর্তাবৃন্দ ক্যাম্পাসে ব্যাপক চাঁদাবাজি বন্ধের জন্য প্রশাসনের প্রতি জোর দাবি জানান। অবিলম্বে ক্যান্টিন খোলার ব্যবস্থা করে চাঁদাবাজদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি জানানো হয়।

সভায় উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মিরাজউদ্দিন মণ্ডল, সহসভাপতি ড. মোঃ ইউনুস, সাধারণ সম্পাদক ড. মোঃ কবির হোসেন, সহ-সাধারণ সম্পাদক বিদ্যুৎ কুমার তালুকদার, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি আ ন ম জয়নাল আবেদীন, সাধারণ সম্পাদক সৈয়দ ছলিম মোহাম্মদ আবদুল কাদির, শিক্ষক সমিতির সদস্য জায়েদা শারমিন স্বাতী, একেএম হাসান বক্স চৌধুরী ও আবদুল ওয়াহাব চৌধুরী।

ছাত্রদলের চাঁদাবাজি শাবির সর্বত্র ছড়িয়ে পড়েছে। তারা রাস্তার দু'পাশের নির্মীয়মাণ লেকের শ্রমিকদের কাছে ১০ হাজার টাকা চাঁদা দাবি করেছে। শিক্ষক ডরমেটরিতে ঠিকাদারদের কাছে মোটা অংকের চাঁদা দাবি করে। এ কারণে গত দু'দিন নির্মাণ কাজ বন্ধ ছিল।